JAN 7 2001

তারিখ ... পৃষ্ঠা ৩-৪ কলাম

## কলেজ শিক্ষক সমিতির প্রতিনিধি সভা

# শিক্ষানীতি বাস্তবায়ন ও বিষয়ভিত্তিক প্রশিক্ষণের সিদ্ধান্ত গৃহীত

বেসরকারি কলেজ শিক্ষকদের জাতীয় প্রতিনিধি সভায় সম্প্রতি মন্ত্রিপরিষদ অনুমোদিত জাতীয় শিক্ষানীতির দ্রুত বাস্তবায়নের উদ্যোগ নেওয়ার জন্য সরকারের প্রতি দাবি জানানো হয়েছে।

শিক্ষানীতিতে শিক্ষার গুণগত মান উন্নয়নের লক্ষ্যে শিক্ষকদের নিয়মিত প্রশিক্ষণ দান, বেসরকারি শিক্ষকদের পাবলিক সার্ভিস কমিশনের মাধ্যমে নিয়োগ ও সরকারি কোষাগার থেকে ১০০ ভাগ বেতন প্রদান, শ্রেণীকক্ষে শিক্ষক-ছাত্র অনুপাত ১ দশমিক ৪০ প্রবর্তন এবং বিজ্ঞান ও প্রযুক্তিগত শিক্ষার উপর গুরুত্ব আরোপের বিষয়টি সভায় বিস্তারিত আলোচনান্তে এ দাবি জানানো হয়। বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতির (বাকশিস) কেন্দ্রীয় কার্যালয়ে অধ্যক্ষ এ কে এম জহিরুল ইসলামের সভাপতিত্বে গত ৩ জানুয়ারি সন্ধ্যায় অনুষ্ঠিত সভায় মূল বক্তব্য উপস্থাপন করেন সংগঠনের সাধারণ সম্পাদক অধ্যক্ষ কাজী ফারুক আহমেদ। মৌলভীবাজার, হবিগঞ্জ, নীলফামারী, সিরাজগঞ্জ, ফরিদপুর, নোয়াখালী, কুমিল্লা, চট্টগ্রাম, ময়মনসিংহ, চাঁপাইনবাবগঞ্জ, সাতক্ষীরা, খুলনা, বরিশাল, টাঙ্গাইল জামালপুরসহ দেশের বিভিন্ন জেলা ও উপজেলা থেকে শিক্ষক প্রতিনিধিবৃন্দ সভায় যোগদান করেন।

সভায় জুলাই ২০০১ শিক্ষাবর্ষ থেকে বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতির (বাকশিস) উদ্যোগে ইংরেজি, গণিত, কম্পিউটার শিক্ষা ও বিজ্ঞানের বিভিন্ন বিষয়ের ওপর বেসরকারি কলেজ শিক্ষকদের বিষয়ভিত্তিক প্রশিক্ষণ কার্যক্রম শুরু করার সিদ্ধান্ত নেওয়া হয়। পাবলিক পরীক্ষায় নকল প্রতিরোধে শিক্ষক অভিভাবক প্রশাসনের সমন্বিত উদ্যোগ গ্রহণের ওপর সভায় পুনরায় দৃঢ় অভিমত ব্যক্ত করা হয়। বিজ্ঞপ্তি।

# শিক্ষানীতি বাস্তবায়নের দাবি জানিয়েছেন বেসরকারি কলেজ শিক্ষকরা

বেসরকারি কলেজ শিক্ষকরা মন্ত্রিসভা অনুমোদিত শিক্ষানীতি বাস্তবায়নের দাবি জানিয়েছেন। গত বৃহস্পতিবার ঢাকায় অনুষ্ঠিত বেসরকারি শিক্ষকদের জেলা ও উপজেলা প্রতিনিধিদের এক সভায় বক্তারা শিক্ষার মান উন্নয়নে অবিলম্বে শিক্ষানীতি বাস্তবায়নের দাবি জানান। বাসস।

অধ্যক্ষ এ কে এম জহিরুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় প্রধান বক্তা ছিলেন অধ্যক্ষ কাজী ফারুক আহমেদ। সভায় সংগঠনের উদ্যোগে বেসরকারি কলেজ শিক্ষকদের বিষয়ভিত্তিক প্রশিক্ষণ দানের সিদ্ধান্ত নেওয়া হয়। বাংলাদেশ কলেজ টিচার্স অ্যাসোসিয়েশন বিসিটিএ আগামী জুলাই থেকে এ প্রশিক্ষণ দান শুরু করবে। এ ছাড়া সভায় ফেব্রুয়ারির শেষ সপ্তাহে কলেজ শিক্ষকদের জাতীয় সম্মেলন আয়োজনেরও সিদ্ধান্ত নেওয়া হয়।